

## বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড(বিএসসিসিএল) এর অর্জনসমূহ

- ❖ সরকারের নির্বাচনী ইশতেহার ২০১৮ এর আলোকে বিএসসিসিএল তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপনের জন্য SEA-ME-WE-6 কনসোর্টিয়ামের সাথে গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় তৃতীয় সাবমেরিন ক্যাবলে যুক্ত হওয়া বিষয়ক প্রকল্প ইতিমধ্যে গত ০১/১২/২০২০ খ্রিঃ তারিখের ECNEC সভায় অনুমোদিত হয়েছে এবং আশা করা যাচ্ছে আগামী ২০২৪ সাল নাগাদ দেশকে তৃতীয় সাবমেরিন ক্যাবলে সংযুক্ত করা সম্ভব হবে।
- ❖ বিএসসিসিএল এর ব্যান্ডউইডথ বিক্রি ২৫/০২/২০২০ খ্রিঃ তারিখে ১ টিবিপিএস-এ উন্নীত হয়েছে এবং ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখে বিএসসিসিএল এর ব্যান্ডউইডথ বিপণন ১৪২০ জিবিপিএস এরও অধিক এ উন্নীত হয়েছে।
- ❖ সরকারের নানামুখী পদক্ষেপের ফলশ্রুতিতে ইন্টারনেট ব্যান্ডউইডথের মূল্য প্রতি এমবিপিএস ২৭,০০০/- টাকা থেকে কমিয়ে পর্যায়ক্রমে ৩০০/- টাকারও নিচে আনা হয়েছে এবং দেশে ইন্টারনেটের প্রসার বৃদ্ধি এবং আইটি ভিত্তিক সার্ভিসের বিকাশ ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।
- ❖ ২০১৭ সালে পটুয়াখালীর কুয়াকাটায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক দ্বিতীয় সাবমেরিন ক্যাবল উদ্বোধনের পর দেশের মোট ব্যান্ডউইডথ সক্ষমতা ২৮০০ জিবিপিএস-এ উন্নীত হয়েছে।
- ❖ দ্বিতীয় সাবমেরিন ক্যাবল লিংক নির্মাণের মাধ্যমে দেশের সাবমেরিন ক্যাবল সিস্টেমের নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবার নিমিত্ত Redundancy নিশ্চিত হয়েছে।
- ❖ বিগত এগারো বছরে সাবমেরিন ক্যাবল ব্যান্ডউইডথের ক্রমবর্ধমান ব্যবহার ১০ জিবিপিএস হতে বর্তমানে ১৪২০ জিবিপিএস এরও অধিক এ উন্নীত হয়েছে।
- ❖ দেশে সরবরাহকৃত মোট ব্যান্ডউইডথের ব্যবহারের ৬০ শতাংশের অধিক বিএসসিসিএল এককভাবে সরবরাহ করছে।
- ❖ ২০১৩ সালে বিএসসিসিএল নিজস্ব আইআইজি স্থাপন ও আইপি ট্রানজিট সুবিধা প্রদানের মাধ্যমে ২৪x৭ ভিত্তিতে গ্রাহকগণকে মানসম্পন্ন ইন্টারনেট সেবা প্রদান করা হচ্ছে।
- ❖ বিএসসিসিএল এর রাজস্ব আয় ২০০৮-০৯ অর্থ বছরের ৪৩.৫৯ কোটি টাকা হতে বেড়ে ২০১৯-২০২০ অর্থ বছরে ২৪৯.৮৬ কোটি টাকায় উন্নীত হয়েছে।
- ❖ সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশনের সকল শর্ত পূরণ সাপেক্ষে টেলিযোগাযোগ সেক্টরে একমাত্র সরকারী কোম্পানী হিসেবে ২০১২ সালে সাফল্যের সঙ্গে শেয়ার বাজারে তালিকাভুক্ত করা হয়েছে এবং পাবলিক সেক্টরে আর্থিকভাবে সফল সংস্থাসমূহের মধ্যে বিএসসিসিএল প্রতিষ্ঠিত হয়েছে।